# আবাসা | Abasa | عَبَس

আয়াতঃ ৮০ : ৩৩

## আরবি মূল আয়াত:

فَإِذَا جَآءَتِ الصَّآخَّةُ ﴿٣٣﴾

## অনুবাদসমূহ:

অতঃপর যখন বিকট আওয়াজ* আসবে, — আল-বায়ান

অবশেষে যখন কান-ফাটানো শব্দ আসবে; — তাইসিরুল

যখন ঐ ধ্বংস ধ্বনি এসে পড়বে; — মুজিবুর রহমান

But when there comes the Deafening Blast — Sahih International

*কিয়ামত দিবসের আওয়ায।

### ৩৩. অতঃপর যখন তীক্ষ্ম আওয়াজ আসবে(১),

(১) আয়াতে বর্ণিত الصاخة শব্দটির মূল অর্থ হলো, “এমন কঠোর ডাক যার ফলে মানুষ শ্রবণশক্তি হারিয়ে ফেলে।” এখানে কিয়ামতের দ্বিতীয় শিংগাধ্বনির কথা বলা হয়েছে। যা পুনরুত্থানের শিঙ্গায় ফুঁক দেয়া বোঝায়। এই বিকট আওয়ায বুলন্দ হবার সাথে সাথেই মরা মানুষেরা জীবিত হয়ে উঠবে এবং কেয়ামতের মাঠে উপস্থিত হবে। [মুয়াস্‌সার, জালালাইন]

তাফসীরে জাকারিয়া

### ৩৩। অতঃপর যখন (কিয়ামতের) ধ্বংস-ধ্বনি এসে পড়বে। [1]

[1] কিয়ামতকে صاخّة শ্রবণশক্তি হরণকারী ধ্বংস-ধ্বনি এই জন্য বলা হয়েছে যে, এটা অতি ভয়ংকর আওয়াজের সাথে সংঘটিত হবে এবং তা কর্ণকে বধির করে ফেলবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5791

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন